

## ■ আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ২৫৫ বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি পরিচ্ছেদঃ ১২৮- পরামর্শদাতা হলো আমান্তদার।

بَابُ الْمُسْتَشَارُ مُؤْتَمَنُ

## আরবী

حَدَّثَنَا آدَمُ، قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ أَبُو مُعَاوِيَةَ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ عُمَيْرٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم لأَبِي الْهَيْثَمِ: هَلْ لَكَ خَادِمٌ! قَالَ: لاَ، قَالَ: فَإِذَا أَتَانَا سَبْيٌ فَأْتِنَا فَأْتِيَ النَّبِيُّ صلى الله عليه وسلم الله عليه وسلم برَأْسَيْنِ لَيْسَ مَعَهُمَا ثَالِثٌ، فَأَتَاهُ أَبُو الْهَيْثَمِ، قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: اخْتَرْ مِنْهُمَا، قَالَ: يَا رَسُولَ اللهِ، اخْتَرْ لِي، فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: إِنَّ الْمُسْتَشَارَ مُولُّتُمَنَّ، خُذْ هَذَا، فَإِنِّي رَأَيْتُهُ يُصَلِّي، وَاسْتَوْصِ بِهِ خَيْرًا، فَقَالَتِ امْرَأَتُهُ: مَا أَنْتَ بِبَالِغٍ مَا قَالَ فِيهِ النَّبِيُّ صلى الله عليه وسلم: إِنَّ الْمُسْتَشَارَ مُولَّنَمَنَّ، خُذْ هَذَا، فَإِنِّي رَأَيْتُهُ يُصَلِّي، وَاسْتَوْصِ بِهِ خَيْرًا، فَقَالَتِ امْرَأَتُهُ: مَا أَنْتَ بِبَالِغٍ مَا قَالَ فِيهِ النَّبِيُّ صلى الله عليه وسلم إِلاَّ أَنْ تُعْتَقَهُ، قَالَ: فَهُو عَتِيقٌ، فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم إلاَّ أَنْ تُعْتَقَهُ، قَالَ: فَهُو عَتِيقٌ، فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: إِنَّ اللَّهُ لَمْ يَبْعَتْ نَبِيًّا وَلاَ خَلِيفَةً، إلاَّ وَلَهُ بِطَانَتَانِ: بِطَانَةٌ تَأْمُرُهُ بِالْمَعْرُوفِ وَتَنْهَاهُ عَنِ الْمُنْكَرِ، وَبِطَانَةٌ لاَ تَأْلُوهُ خَبَالاً، وَمَنْ يُوقَ بِطَانَةَ السُّوءِ فَقَدْ وُقِيَ.

## বাংলা

২৫৫। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবুল হায়ছাম (রাঃ)-কে বলেনঃ তোমার কি খাদেম আছে? তিনি বলেন, না। তিনি বলেনঃ আমাদের কাছে বন্দী আসলে তুমি আমাদের নিকট আসবে। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে দু'জন বন্দী আনা হলো, এদের সাথে তৃতীয় কেউ ছিলো না। তখন আবুল হায়ছাম (রাঃ) তাঁর নিকট উপস্থিত হলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তুমি এদের দুইজনের মধ্যে একজনকে বেছে নাও। তিনি বলেন, ইয়া রাসূলাল্লাহ! আপনিই আমাকে একজন বেছে দিন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যার কাছে পরামর্শ চাওয়া হয় তাকে বিশ্বস্ত হতে হয়। একে নিয়ে যাও।

আমি তাকে নামায পড়তে দেখেছি। তার সাথে সদ্ধ্যবহার করবে। পরে তার স্ত্রী তাকে বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার ব্যাপারে যা বলেছেন, তাকে দাসত্বমুক্ত করা ছাড়া অন্যভাবে তার দাবি তুমি পূরণ করতে



পারবে না। আবুল হায়ছাম (রাঃ) বলেন, সে স্বাধীন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আল্লাহ কোন নবী অথবা খলীফা প্রেরণ করেননি যার সাথে দুইজন অন্তরঙ্গ বন্ধু দেননি। এক বন্ধু তাকে উত্তম কাজের প্রেরণা দেয় এবং পাপ কাজ থেকে বারণ করে এবং অপরটি তার সর্বনাশ সাধন করে। যে ব্যক্তি মন্দ প্ররোচনাদানকারী বন্ধুর প্ররোচনা থেকে রক্ষা পেয়েছে সে রক্ষা পেয়েছ (আবু দাউদ, ইবনে মাজাহ, হাকিম, ইবনে হিব্বান, তাহাবী)।

## **English**

Abu Hurayra reported that the Prophet, may Allah bless him and grant him peace, asked Abu'l-Haytham:

"Do you have a servant?" "No," he replied. He said, "Come to us when we get some captives." The Prophet, may Allah bless him and grant him peace, was brought only two captives. Abu'l-Haytham came to him and the Prophet, may Allah bless him and grant him peace, said, "Choose between them." "Choose for me, Messenger of Allah," he replied. The Prophet, may Allah bless him and grant him peace, said, "The person who is consulted is in a position of trust. Take this one. I have seen him pray. Treat him well." Abu'l-Haytham's wife said, "You will not live up to the words of the Prophet, may Allah bless him and grant him peace, about him until you set him free." "He is free," he stated. The Prophet, may Allah bless him and grant him peace, said, "Allah did not send a Prophet or khalifa but that he has two confidants: a confidant who commands him to do what is correct and forbids what is bad, and a confidant who will not fall short in corrupting you. Anyone who is protected from the evil confidant has been protected."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন